



মবক কর্মচারী বাসা বরাদ্দ
নীতিমালা, ২০২৩

[Handwritten signatures and marks]

সূচিপত্র

| ক্রমিক | বিবরণ | পৃষ্ঠা |
|--------|---|--------|
| ১ | বিধি-১ঃ সংক্ষিপ্ত শিরোনাম বিধি-২ঃ সংজ্ঞা বিধি-৩ঃ প্রাপ্যতা | ৩ |
| ২ | বিধি-৪ঃ বাসস্থানের শ্রেণি বিন্যাস ও বাসা প্রাপ্তির যোগ্যতা | ৪ |
| ৩ | বিধি-৫ঃ বাসা বরাদ্দ কমিটি বিধি-৬ঃ আবেদনের নিয়মাবলী বিধি-৭ঃ বরাদ্দের নিয়মাবলী | ৫ |
| ৪ | বিধি-৮ঃ বাসস্থান সংরক্ষণ বিধি-৯ঃ অস্থায়ী বাসস্থান বিধি-১০ঃ বাসস্থানের দখল বিধি-১১ঃ বাসস্থানের দখল বুঝিয়ে দেয়া বিধি-১২ঃ বাসা বরাদ্দ বাতিলকরণ বিধি-১৩ঃ পারস্পারিক বাংলো/ফ্ল্যাট/বাসা বদল বিধি-১৪ঃ সাবলেটিং ইত্যাদি | ৬ |
| ৫ | বিধি-১৫ঃ মৃত্যু/অবসর/বদলি/বরখাস্ত/অপসারণ/ ইন্তুফা ইত্যাদি | ৭ |
| ৬ | বিধি-১৬ঃ উপদ্রবের কারণে বরাদ্দ বাতিল বিধি-১৭ঃ অবৈধ দখল বিধি-১৮ঃ বাসা ভাড়া বিধি-১৯ঃ অবসর গ্রহণের পর বাসা দখলে রাখা | ৮ |
| ৭ | বিধি-২০ঃ না দাবী সার্টিফিকেট | ৯ |
| ৮ | বিধি-২১ঃ অসুবিধা দূরীকরণ | ৯ |



২০/১১/১১









বিধি-১ঃ সংক্ষিপ্ত শিরোনাম :

এই নীতিমালা মবক কর্মচারী বাসা বরাদ্দ নীতিমালা, ২০২৩ নামে অভিহিত হবে।

বিধি-২ঃ সংজ্ঞা :

এই নীতিমালায় বিষয় বা প্রসংগের পরিপন্থি কিছু না থাকলে-

(ক) 'বোর্ড' অর্থ মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ এর ধারা ৭ এর অধীন গঠিত বোর্ড

(খ) 'বাসা' অর্থ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশার ভিত্তিতে স্ট্রাকচার, যা যত তলা বিশিষ্টই

হোক না কেন। মবক'র মালিকানাধীন, ভাড়া করা অথবা রিকুইজিশনকৃত বাসাও এর অন্তর্ভুক্ত হবে।

(গ) 'কর্মচারী' অর্থ মবক'র বাসা পাওয়ার যোগ্য সকল কর্মচারী।

(ঘ) 'পরিবার' অর্থ স্বামী/ স্ত্রী, ছেলেমেয়ে এবং মবক'র কর্মচারীর সঙ্গে বসবাসরত সম্পূর্ণভাবে নির্ভরশীল

সৎ-ছেলেমেয়ে এবং মবক'র কর্মচারীর পিতা-মাতা, অবিবাহিত বোনগণ ও নাবালক ভাই যদি তাহার সঙ্গে বাস করে এবং সম্পূর্ণভাবে নির্ভরশীল হয় এমন কেউ।

(ঙ) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ পরিচালক (প্রশাসন), যিনি বাসা বরাদ্দ কমিটির আহ্বায়ক।

বিধি-৩ঃ প্রাপ্যতা :

(১) মবক'এ কর্মরত সকল 'স্থায়ী' কর্মচারীসহ প্রেষণে কর্মরত কর্মচারীগণ বাসস্থান পাওয়ার যোগ্য হবেন।

(২) কর্তৃপক্ষের সুনির্দিষ্ট আদেশের ভিত্তিতে মবক'র অধীনস্থ অফিসসমূহে কর্মরত কর্মচারীরা বাসস্থান পাওয়ার যোগ্য হবেন।









বিধি-৪ : বাসস্থানের শ্রেণি বিন্যাস ও বাসা প্রাপ্তির যোগ্যতা :

মবকের কর্মচারীদের বাসা প্রাপ্তির যোগ্যতা ও বাসস্থানের শ্রেণিবিন্যাস নিম্নে বর্ণিত হলো :

| বাসার শ্রেণি | বেতন গ্রেড | জাতীয় বেতন স্কেল, ২০১৫ | বাসার আয়তন | মন্তব্য |
|--------------|----------------------|--|--------------|--|
| H | ২০, ১৯ ও ১৮ | ৮২৫০-২০০১০ ৮৫০০-২০৫৭০ ৮৮০০-২১৩১০ | ৫০০ বর্গফুট | সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্তির ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে। |
| G | ১৮, ১৭, ১৬, ১৫, ও ১৪ | ৮৮০০-২১৩১০ ৯০০০-২১৮০০ ৯৩০০-২২৪৯০ ৯৭০০-২৩৪৯০ ১০২০০-২৪৬৮০ | ৬০০ বর্গফুট | সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্তির ও G টাইপ বাসা খালি থাকা সাপেক্ষে ১৮তম গ্রেডের কর্মচারীদের বরাদ্দ দেয়া হবে। |
| F | ১৪, ১৩ ও ১২ | ১০২০০-২৪৬৮০ ১১০০০-২৬৫৯০ ১৩০০০-২৭৩০০ | ৮১৫ বর্গফুট | সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্তির ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে |
| E | ১১, ১০, ৯, ৮, ৭, ও ৬ | ১২৫০০-৩০২৩০ ১৬০০০-৩৮৬৪০ ২২০০০-৫৩০৬০ ২৩০০০-৫৫৪৭০ ২৯০০০-৬৩৪১০ ৩৫৫০০-৬৭০১০ | ১০০০ বর্গফুট | |
| C ও D | ৫, ৪, ও ৩ | ৪৩০০০-৬৯৮৫০ ৫০০০০-৭১২০০ ৫৬৫০০-৭৪৪০০ | | |
| B/BANG ALOW | ২ | ৬৬০০০-৭৬৪৯০ | | |

বিঃদ্রঃ (১) বেতন স্কেল বলতে Substantive Pay Scale বুঝাবে।

(২) বাংলা বরাদ্দের ক্ষেত্রে বিভাগীয় প্রধান/উপ-বিভাগীয় প্রধানদের অগ্রাধিকার দেয়া হবে। বাংলা বরাদ্দের ক্ষেত্রে চেয়ারম্যান, মবক এর অনুমোদন গ্রহণ করতে হবে।

(৩) বাংলা বরাদ্দের ক্ষেত্রে ৫ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারীদের বরাদ্দের পর অবশিষ্ট বাংলা ৬ষ্ঠ গ্রেড ভুক্ত কর্মচারীদের অনুকূলে বরাদ্দ দেয়া যাবে।

(৪) মবক এর চেয়ারম্যান ও সদস্যদের জন্য ১ টি করে বাংলা নির্ধারিত থাকবে। উক্ত বাংলা অন্য কর্মচারীদের বরাদ্দ দেয়া যাবে না। তবে কোন সদস্যের নামে নির্ধারিত বাংলা খালি থাকলে বন্দরে কর্মরত ৩য় গ্রেডের

বিভাগীয় প্রধানের আবেদনের প্রেক্ষিতে এবং প্রয়োজনে খালি করার শর্তে বরাদ্দ প্রদান করা যেতে পারে।



বিধি-৫ঃ বাসা বরাদ্দ কমিটি :

পরিচালক (প্রশাসন)- আহবায়ক, সকল বিভাগীয় প্রধান- সদস্য, অফিসার্স এ্যাসসিয়েশনের সভাপতি/সাধারণ সম্পাদক- সদস্য, সিবিএ সভাপতি/সাধারণ সম্পাদক-সদস্য, উর্ধ্বতন উপ ব্যবস্থাপক(প্রশাসন)- সদস্য সচিব।
কমিটি প্রতি দুইমাস অন্তর বাসা বরাদ্দ সভা আহবান করবে।

বিধি-৬ঃ আবেদনের নিয়মাবলী :

“E” “F” “G” এবং “H” শ্রেণির বাসা বরাদ্দ পেতে ইচ্ছুক আবেদনকারীগণ নির্ধারিত ফরম এর মাধ্যমে আবেদন পত্র যথাযথভাবে পূরণকরতঃ বাসার টাইপ অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে বাসা বরাদ্দ কমিটির আহবায়ক বরাবরে দাখিল করবেন। বাসা/ফ্ল্যাট নং উল্লেখপূর্বক বাসা বরাদ্দের আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্র ব্যতিরেকে কাউকে বাসা বরাদ্দ করা যাবে না। প্রাপ্ত আবেদন পত্রে উল্লিখিত তথ্যাদির ভিত্তিতে বরাদ্দের বিষয়টি বিবেচিত হবে।

বিধি-৭ঃ বরাদ্দের নিয়মাবলী :

প্রাপ্ত আবেদন পত্রসমূহ যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষার পর নিম্নবর্ণিত নিয়ম মোতাবেক মোট প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে বাসা বরাদ্দ করা হবে :-

(ক) প্রার্থীর মূল বেতন স্কেল (Substantive Scale of Pay for the post) বিবেচনা করে নম্বর প্রদান করতে হবে। কোন প্রকার উচ্চতর স্কেল, টাইম স্কেল বা সিলেকশন গ্রেড বিবেচনা করা হবে না। বাসস্থানের শ্রেণি বা ক্যাটাগরির প্রাপ্যতা (Entitlement) অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ অথবা পদোন্নতির তারিখ (যেটি প্রযোজ্য হয়) বিবেচনা করে নম্বর গণনা করা হবে।

(খ) সংশ্লিষ্ট শ্রেণির বাসার জন্য প্রাধিকারভুক্তির তারিখ হতে প্রতি বৎসর নিয়মিত চাকরির জন্য ১ নম্বর ও উহার ভগ্নাংশের জন্য ৩৬৫ ভাগের অংশ হিসেবে নম্বর পাবেন, তবে মহিলা কর্মচারীদের ক্ষেত্রে অতিরিক্ত ৩ নম্বর যোগ করে মূল্যায়ন করতে হবে।

(গ) যদি দুই বা ততোধিক কর্মচারীর কর্মস্থলে যোগদানের তারিখ একই হয়, অথবা একই নিয়োগ বিজ্ঞপ্তির দ্বারা একই সময়ে নিয়োগপ্রাপ্ত হন তবে কর্মচারীর চাকরিতে যোগদানকালীন মেধার ভিত্তিতে তার বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

(ঘ) যদি কর্মচারীর চাকরির দৈর্ঘ্য একই রকম হয়, সেক্ষেত্রে কর্মচারী উচ্চতর স্কেলে বেতন গ্রহণ করেন (যা হতে বাড়ি ভাড়া কর্তন করা হবে) তিনি জ্যেষ্ঠতর বলে বিবেচিত হবেন।

(ঙ) এরপরও দুইজনের বেতন সমান হলে সংশ্লিষ্ট কর্মচারীর বয়সের ভিত্তিতে বাসা বরাদ্দের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

(চ) গ্রেড ভিত্তিক ক্রমানুসারে জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন করতে হবে।

বিধি-৮ : মবক বিজ্ঞপ্তি জারির মাধ্যমে যে কোন সংখ্যক বাসস্থান কোন একটি আবাসিক এলাকায় সংরক্ষণ (Reserve) করতে পারবে।

বিধি-৯ : অস্থায়ী বাসস্থান :

এই নীতিমালাতে যাহাই বর্ণিত থাকুক না কেন, রেস্ট হাউসসহ অন্যান্য অস্থায়ী বাসস্থান এ নীতিমালার আওতা বহির্ভূত থাকবে। অস্থায়ী বাসস্থানসমূহ প্রতিটি কেইসের নিজস্ব গুণাগুণ বিবেচনা করে বরাদ্দ করা হবে।

বিধি-১০ : বাসস্থানের দখল :

বাসস্থান বরাদ্দের আদেশ পাওয়ার পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ইচ্ছানুযায়ী অফিস হতে বরাদ্দপত্র ইস্যু করার ১৫ (পনেরো) দিনের মধ্যে উক্ত বাসস্থানের দখল গ্রহণ করবেন এবং বাসস্থানের সকল ফিকসচার এন্ড ফিটিংসের জন্য হস্তান্তর ও গ্রহণ প্রতিবেদন স্বাক্ষর করে দিবেন। সম্পত্তি শাখা হতে হস্তান্তর/গ্রহণ ফরমের কপি অনুলিপি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে প্রদান করা হবে।

বিধি-১১ : বাসস্থানের দখল বুঝিয়ে দেয়া :

(ক) বাসস্থান খালি করার সময় বরাদ্দপ্রাপ্ত কর্মচারী প্রশাসন, নিরাপত্তা, যান্ত্রিক ও তড়িৎ এবং সিভিল ও হাইড্রোলিক্স বিভাগের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটির নিকট হস্তান্তর/গ্রহণ ফরমের মাধ্যমে বাসস্থানের দখল বুঝিয়ে দিবেন। সম্পত্তি শাখা হতে হস্তান্তর/গ্রহণ ফরমের কপি অনুলিপি সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদান করা হবে।

(খ) বরাদ্দগ্রহীতা বাসার ফিক্সার ও ফিটিংস এর যে কোন ক্ষয়ক্ষতির জন্য দায়ী থাকবেন। সাধারণ ক্ষয়ক্ষতির অতিরিক্ত অন্যান্য ক্ষয়ক্ষতির জন্যও দায়ী থাকবেন।

বিধি-১২ : বাসা বরাদ্দ বাতিলকরণ :

মবক কর্মচারীর অনুকূলে বরাদ্দকৃত বাসস্থান হস্তান্তর যোগ্য নয়। যদি কোন কর্মচারী অথবা তার পরিবার স্বাভাবিকভাবে বরাদ্দকৃত বাড়িতে না থাকেন সেক্ষেত্রে বাসা বরাদ্দের আদেশ বাতিল বলে গণ্য হবে।

বিধি-১৩ : পারস্পরিক বাথলো/ফ্ল্যাট/বাসা বদল :

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমতিক্রমে বরাদ্দকৃত একই শ্রেণির বাসার দুইজন বরাদ্দগ্রহীতা তাদের বাসা পারস্পরিক বদল করতে পারেন। যদি অনুরূপ কোন অনুমতি ব্যতীত পরস্পরিক বাসা বদল করা হয়; সেক্ষেত্রে বাসা বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

বিধি-১৪ : সাবলেটিং ইত্যাদি :

(ক) বরাদ্দকৃত বাসা সাবলেট করা যাবে না, তাছাড়া বাসা কোন ব্যবসা অথবা পেশার জন্য ব্যবহৃত হতে পারবে না।

(খ) সাবলেটিং করার অপারাদেহর জন্য কোন মবক'র কর্মচারীর বাসা বরাদ্দ বাতিল করা হলে উক্ত মবক কর্মচারীর নিকট হতে বাসার দখল নেয়ার তারিখ হতে দুই বৎসরের জন্য তিনি বাসা বরাদ্দের অধিকার হতে বঞ্চিত হবেন।

বিধি-১৫ : মৃত্যু/অবসর/বদলি/বরখাস্ত/অপসারণ/ইস্তফা ইত্যাদি :

(ক) বরাদ্দগ্রহীতার মৃত্যু ঘটলে সাধারণভাবে বরাদ্দগ্রহীতার পরিবার মবক'র নির্ধারিত ভাড়া পরিশোধ সাপেক্ষে মৃত্যুর তারিখ হতে ০৬ (ছয়) মাস উক্ত বাসায় অবস্থান করতে পারবেন। মৃত বরাদ্দগ্রহীতার ছেলে-মেয়েদের নিজস্ব বাসবাড়ি না থাকলে এবং পর্যাপ্ত আয়ের উৎস না থাকলে তাদের আবেদনক্রমে বরাদ্দগ্রহীতার মৃত্যুর তারিখ হতে ১ (এক) বৎসর পর্যন্ত সর্বশেষ আহরিত মূল বেতনের সাথে প্রাপ্ত বাড়ি ভাড়া ভাতার সমপরিমাণ টাকা ভাড়া হিসেবে পরিশোধ সাপেক্ষে বাসস্থানে বাস করার অনুমতি প্রদান করা যেতে পারে। তবে মবক প্রয়োজন বোধে ঐ পরিবারকে অপেক্ষাকৃত নিম্ন শ্রেণির বাসায় স্থানান্তর করার অধিকার সংরক্ষণ করে।

(খ) চাকুরি হতে বরখাস্ত, অপসারণ, চুক্তি ভিত্তিক নিয়োগ বাতিল, চাকরিতে ইস্তফা, বদলি অথবা বরাদ্দগ্রহীতার অবসর গ্রহণের ক্ষেত্রে ঐ রূপ ঘটনা সংঘটিত হওয়ার তারিখ হতে দুই মাসের মধ্যে বাসস্থান খালি করে দিতে হবে। তবে কর্তৃপক্ষ বিশেষ বিবেচনায় ৬ (ছয়) মাসের জন্য সংশ্লিষ্ট বরাদ্দগ্রহীতাকে উক্ত বাসস্থানে থাকতে (Retain) অনুমতি প্রদান করতে পারে।

(গ) যখন কোনো কর্মচারীকে বরখাস্তকরণ, অপসারণ অথবা বাধ্যতামূলকভাবে চাকরি হতে অবসর গ্রহণ করানো হয় তখন তিনি উক্ত আদেশের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিধিমালার অধীনে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আপিল পেশ করলে, আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অথবা ৬ (ছয়) মাসকাল যাহাই কম হয়, ঐ সময়ের জন্য স্বাভাবিক বাসা ভাড়া প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট বাসস্থানে বসবাস করতে পারবেন।

(ঘ) যখন কোনো কর্মচারী প্রশিক্ষণের জন্য তার কর্মস্থল ত্যাগ করেন তখন স্বাভাবিক বাসাভাড়া প্রদান সাপেক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমতিক্রমে ৬ (ছয়) মাসের জন্য বাসস্থানে বসবাস করতে পারবেন। তবে এই সুবিধা ঐ ক্ষেত্রেই প্রাপ্য হবে যদি তিনি উপযুক্ত কারণে তার পরিবার ঐ বাসস্থানে রাখতে বাধ্য হন। যদি ৬ (ছয়) মাসের অতিরিক্ত ঐ বাসস্থানে বসবাস করতে হয় সেক্ষেত্রে তাকে চেয়ারম্যান, মবক এর অনুমতি গ্রহণ করতে হবে।

(ঙ) যখন কোনো কর্মচারী অন্য কোনো সংস্থাতে প্রেষণে বদলি হন, তিনি তার বাসস্থান ততদিন পর্যন্ত নিজ দখলে রাখতে পারবেন; যতদিন না ঐ সংস্থা তাকে বিকল্প বাসস্থান বরাদ্দ করতে না পারে। এ ক্ষেত্রে উক্ত কর্মচারীকে মূল বেতনের সাথে প্রাপ্ত বাড়ি ভাড়া ভাতার সমপরিমাণ টাকা ভাড়া হিসেবে পরিশোধ করতে হবে।

(চ) কর্মচারীর মৃত্যু অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে তার বাসস্থান মবক হতে কর্মরত তার পিতা/মাতা/পুত্র/অবিবাহিত কন্যা/স্বামী অথবা স্ত্রীর নামে পুনঃবরাদ্দ প্রদান করা যেতে পারে, যদি তিনি (দ্বিতীয় জন) ঐ শ্রেণির অথবা তার চেয়ে উচ্চতর শ্রেণীর বাসস্থান পাবার যোগ্য হন। বরাদ্দগ্রহীতার মৃত্যুর ক্ষেত্রে পরবর্তী এক বছরের মধ্যে এবং বরাদ্দগ্রহীতার অবসর গ্রহণের ক্ষেত্রে পরবর্তী ছয় মাসের মধ্যে ঐরূপ বাসস্থান পাবার যোগ্য হলে এই সুবিধা প্রাপ্য হবেন। এই সুবিধা পাবার আরো শর্ত হল যে, তাকে বাসাটি নতুন ভাবে বরাদ্দ নিতে হবে এবং মূল বরাদ্দগ্রহীতার সংগে পূর্ব হতে সাধারণভাবে বসবাস করতে হবে। যদি তিনি নিম্ন শ্রেণির বাসস্থান পাবার যোগ্য হন তাহলে তাকে অগ্রাধিকার ভিত্তিতে নিম্ন শ্রেণির প্রাপ্য বাসা বরাদ্দ করা হবে।

বিধি-১৬ : উপদ্রবের কারণে বরাদ্দ বাতিল :

একজন বরাদ্দগ্রহীতা এবং তার পরিবারের বৈধ সদস্যগণ ঐ সকল কর্ম হতে বিরত থাকবেন যাতে অন্যদের উপদ্রবের কারণ না হয়। যদি বরাদ্দগ্রহীতা অথবা তার পরিবারের কোন সদস্য অথবা অপর বরাদ্দগ্রহীতার সংগে বসবাসরত কোন ব্যক্তির আচরণ ঐ এলাকায় উপদ্রব সৃষ্টির কারণ হয়, সেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বরাদ্দগ্রহীতার বাসস্থান বরাদ্দ বাতিল করতে পারবেন অথবা তাকে অন্যত্র স্থানান্তর করতে পারবেন।

ব্যাখ্যাঃ এই নীতিমালার আওতায় সামাজিক অসদাচরণ এবং গৃহপালিত পশু অথবা গরু, ছাগল (Cattle), হাঁস-মুরগী, কবুতর যদি ঐ বিল্ডিং, কলোনী অথবা ঐ এলাকাতে বসবাসকারীদের অসুবিধা বা উপদ্রব সৃষ্টি করে তবে সেক্ষেত্রে ঐরূপ পশু পালন উপদ্রব কার্য হিসেবে বিবেচিত হবে।



বিধি-১৭ : অবৈধ দখল :

(ক) যদি একজন মবক কর্মচারী কর্তৃক বাসস্থান অবৈধভাবে দখল করা হয় অথবা অবৈধভাবে দখলে রাখা হয়, তবে সেক্ষেত্রে তার বিরুদ্ধে মবক কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

(খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর যথাসত্ত্ব কর্তৃপক্ষ অবৈধ দখলদারকে উচ্ছেদ করার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করবেন এবং উচ্ছেদ কার্য ত্বরান্বিত করার উদ্দেশ্যে-

(এ) পানি, বিদ্যুৎ সরবরাহ এবং টেলিফোন যোগাযোগ বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করবেন।

(বি) অবৈধ দখলকারীর অফিসের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে তার (দখলকারের) বিরুদ্ধে অসদাচরণের জন্য শাস্তিমূলক পদক্ষেপ নেয়ায় নিমিত্ত অবহিত করবেন। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত পদক্ষেপ সম্পর্কে চেয়ারম্যান, মবক কে অবহিত করবেন।







(গ) অবৈধ দখলের জন্য দোষী যে কোন মবক কর্মচারী এই বিধিমালার আওতায় তার বিরুদ্ধে গৃহীত কার্যক্রম ছাড়াও ভবিষ্যতে তার বাসা পাবার যোগ্য সময়ে (date his turn comes) অযোগ্য বলে বিবেচিত হবেন।

(ঘ) চাকরির চূড়ান্ত নিষ্পত্তিকালে অবৈধভাবে বাসা দখলে রাখার সময়ের জন্য পাবলিক রেটে বাসা ভাড়া কর্তন করে রাখা হবে।

বিধি-১৮ : বাসা ভাড়া :

বাসা ভাড়ার হার সরকার/মবক কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ অনুযায়ী অনুসৃত হবে।

বিধি-১৯ : অবসর গ্রহণের পর বাসার দখল রাখা :

পিআরএল সমাপ্তির হওয়ার পর মবক কর্মচারী মূল বেতনের সাথে সর্বশেষ প্রাপ্ত বাসা ভাড়া প্রদান সাপেক্ষে ৬ মাস বরাদ্দকৃত বাসায় অবস্থান করতে পারবেন। উক্ত সময়ের পর বরাদ্দগ্রহীতা বাসা খালি করে মবক এর নিকট হস্তান্তর করবেন।

বিধি-২০ : না দাবী সাটিফিকেট :

যখন কোন কর্মচারী অবসর গ্রহণ করেন অথবা চাকরি হইতে ইস্তফা দেন অথবা বরখাস্ত হন এবং তার নামে বরাদ্দকৃত বাসা খালি করে দিবেন সেক্ষেত্রে দুই মাসের মধ্যে অথবা বাড়ি খালি করার খবর পাওয়ার ২ মাসের মধ্যে যাহা আগে ঘটে, না-দাবী সাটিফিকেট প্রদান করবেন।

বিধি-২১ : অসুবিধা দূরীকরণ :

যেক্ষেত্রে এ নীতিমালার কোন বিষয়ে সরকার কর্তৃক বিধি, আদেশ বা নির্দেশ প্রয়োগ বা অনুসরণের বিধান আছে, কিন্তু উহা প্রয়োগে বা অনুসরণে অসুবিধা দেখা দেয় সেক্ষেত্রে মবক লিখিত আদেশ দ্বারা উক্ত বিষয়ে প্রয়োজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করতে পারবে এবং এ ব্যাপারে মবক বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

মবক'র কর্মচারী সংঘের প্রতিনিধি
(রেজি নং-১৯৫৭)

ও

সদস্য, মবক কর্মচারী বাসা বরাদ্দ
নীতিমালা, ২০২৩ প্রণয়ন কমিটি,
মবক, মোংলা।

মবক'র কর্মচারী সংঘের প্রতিনিধি
(রেজি নং ১৯৫৭)

ও

সদস্য, মবক কর্মচারী বাসা বরাদ্দ নীতিমালা,
২০২৩ প্রণয়ন কমিটি, মবক, মোংলা।

প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)

ও

সদস্য, মবক কর্মচারী বাসা বরাদ্দ
নীতিমালা, ২০২৩ প্রণয়ন কমিটি,
মবক, মোংলা।

প্রধান নিরাপত্তা কর্মকর্তা

ও

সদস্য, মবক কর্মচারী বাসা বরাদ্দ
নীতিমালা, ২০২৩ প্রণয়ন কমিটি,
মবক, মোংলা।

পরিচালক (প্রশাসন)

ও

সদস্য সচিব, মবক কর্মচারী বাসা বরাদ্দ
নীতিমালা, ২০২৩ প্রণয়ন কমিটি,
মবক, মোংলা।

সদস্য (হারবার ও মেরিন)

ও

আহবায়ক, মবক কর্মচারী বাসা
বরাদ্দ নীতিমালা, ২০২৩ প্রণয়ন
কমিটি, মবক, মোংলা।